নীল ভালোবাসি

মুহাম্মদ মকবুল হোসাইন

নীল ভালোবাসি, নীল আকাশ, নীল টিপ,
নীল পাখি, নীল অনিমিষি,
ভালোবাসি - ভালোবাসি,
তার চোখে-চোখ রেখে, কাটাই সারা নীশি ।
নীল রং বড় বেশি ভালোবাসি ।
তারা ভরা নীল রাতে,
বৃষ্টিতে ভিজে যেতে,
নীল টিপে তোমাকে,
ভালোবাসি- ভালোবাসি ।
প্রেম বিষে নীল হয়ে
নীলে নীলে মিশে গিয়ে
মৃত্যুকেও ভালোবাসি ।

কাব্য প্রলাপ

মুহাম্মদ মকবুল হোসাইন

আমি সাজিয়েছি তোমাকে;
পদ্ম বষণ, ভূষণ, রঙ্গনে ।
রাঙ্গিবো এবার দু’জনে,
কামনা বাসনার চরম পুলকে,
কবি-কাব্যের মধুর মিলনে-
তুমি রাঙ্গিবে সেদিন
লজ্জা- বিহ্বলে, রক্তিম লাবণ্যে ।

আমি জাগরণে, জাগ্রত যৌবনে,
মিলে যাবো-মিশে যাবো
একই প্রাণ-মন বন্ধনে,
আদর-স্নেহ, চুম্বনে,
কাব্য গ্রহের গভীর ধ্যানে,
স্বপ্নের আলোড়নে
আলো-আঁধারের গহীনে ।

কবি জীবন

মুহাম্মদ মকবুল হোসাইন

যত সত্য ততই মিথ্যা
এ আমার জীবন ।
যত কান্না তত হাঁসি, আনন্দ,
কষ্ট-বেদনা, হর্ষ,
এ আমার মন ।

যত না পারা-ব্যর্থতা,
তত সাফল্য, ভালোবাসা,
নতুন করে শেখা,
সময়ের সাপেক্ষে
ঈশ্বর-ভগবান-বিধাতা,
এ আমার জ্ঞান,
আমার ভাবনার বিচরণ ।

এ আমার ভিন্ন এক জীবন ।
এ আমার পাথর কমল মন ।
এ আমার সমস্তই আপন ।

একবার, আরেকবার
এভাবে বারবার, অনেকবার
করিবো আমি স্বপ্ন বুনন ।
আমি গরিবো নবাপন ভুবন ।
নবমৌ তুমি দিও শুধু
খাঁটি একটি মন ।

নব প্রেম

মুহাম্মদ মকবুল হোসাইন

আলস্য ভরা, ক্লান্তি মাখা
বসন্ত দুপুর বেলা
কে এলে? বলে গেলে
কি যেন এক ভালোবাসার কথা ।
তুমি এলে নতুন করে
অন্য আরেক রুপে,
নিতান্তই আমি এক অভাগা ।
কেন যেন মনে পরে
সেদিনের সেই বসন্ত বেলা ।
তুমি সেখানে ছিলে,
আমার স্বপ্নের মতো করে
আমার হৃদ্বয়ে রাঙ্গা ।
তুমি নতুন করে এলে আজ
এলে আমার ভালোবাসা ।

অবধ্য পংক্তিমালা

মুহাম্মদ মকবুল হোসাইন

কি যে তুমি চাও ওগো-
কি-ই বা তুমি খোঁজ?
কি কারণে স্বপনে আস
অকারণে হাঁস ।

প্রেমে তুমি হাঁস জানি
যৌবনেও নাচ;
বসন্ত এলে ফের
নতুন রঙ্গে রাঙ্গ ।

আমার ঘুমের ভেতরে
জাগরণে, কর্ম-ক্লান্তিতে,
জান নাকি থাক তুমি
নিত্য-প্রতিনিয়ত প্রেম-যৌবনে ।

সময় এমন এখন যেন দূরে আছি
মূহূর্ত প্রয়োজনে পাশাপাশি ভাবি ।
প্রভাতের আলস্যে বিছানা-বালিশে
খুঁজি যেন ঘুমন্ত স্বপ্নে কারে ভালোবেসে ।

মন বিচরণ

মুহাম্মদ মকবুল হোসাইন

মন খুলে কেউ হাঁসছে না আজ,
মনের মাঝে মন দুলছে না,
মনের সাথে ভাব করছে না কেউ
মন তবু সব হচ্ছে উজার ।

প্রাণ ভরে আজ কাঁদছে না কেউ
কাটছে না তো ব্যথার আঁধার;
আমার গানে গান গাইছে না কেউ
নিজের্ মাঝেই করছে বিরাজ ।

চোখের ভাষা কেউ বুঝছে না যে,
নেত্র ভরা আবেগ আমার ।
আমার কথায় কেউ ভাবছে না যে,
সাজাই তবু কথার বাহার ।

চাঁদনী রাতে জ্যোৎস্না মেখে
দিচ্ছে না কেউ আলত আদর;
স্বপ্ন নিয়ে কেউ খেলছে না যে
কল্পনাতে নেই রংয়ের আঁচর ।

ভাবছে না কেউ ভাসছে না কেউ
আমার মনের সাগরে;
দেখবো কেমন স্বপ্ন তোমার
ভাব বিলাচ্ছ ইঙ্গিতে ।

অর্থহীন সময়ের ভাবনা

মুহাম্মদ মকবুল হোসাইন

অন্য এক সময়ে আছি আমি এখন,
জানিনা কোন সময়ে তুমি ছিলে এমন,
যেমন ভাবিয়াছি আমি আমার মতন,
তুমি সেরূপ নও স্বপ্নের মতন,
মিথ্যা ভাবনা ভাবিয়াছি আমি যেমন,
তেমন করিয়াই কাটে সময় এখন ।

প্রতিদিন তুমি তবুও চলে আস, সময়ের পথে,
কল্পনার রেখাতে, স্বপ্নের সাথে,
ভুলে থাকা রাতে, প্রভাতের স্নিগ্ধ হাওয়াতে,
তুমি আস হঠাৎ করে, আনমনে, বহুদিন ভাবনাতে,
তোমার ছায়ায় আমি চলি পথ,
এ জীবন যেন নাচে, সুখে, শুধু তোমার চাওয়াতে ।

কতদিন স্বপ্ন নিয়ে আর
খুলিবে না কি বদ্ধ মন দ্বার?
বাসিবে কি ভালো; পেতে স্বর্গীয় আলো?
কতদিন ভাবিবো আমি আর?
মিলিতেছে না হিসেব করি যতবার ।
তবুও জীবনের চাকা ঘুরে সময়ের স্রোতে ।

হারানো যত সময়, তোমার আর আমার-
মনের যত ভাষা, বিশ্বাস, কথা আমার;
বাঁধিয়াছি আমি তারে ছন্দ, শব্দ, কবিতাতে ।
তোমার গন্ধে মাদকতা বেশি তাই,
আমার কবিতার মাঝে বিলাই,
আমার অর্থহীন সময়ের ভাবনাতে ।

পৃথিবী যখন ঘুমিয়ে

মুহাম্মদ মকবুল হোসাইন

সমস্ত পৃথিবী যখন
মহানিদ্রায় অচেতন,
স্বপ্নের প্রান্ত ধরে মন্থর গতিতে
হেঁটে চলেছে মেঘেরা।
শুক্ল পক্ষের চাঁদ
ঘুমো ঘুমো চোখে চেয়ে আছে।
একজন কবি এলোমেলো
দাগ কাটচ্ছে সাদা কাগজে, অথবা
সদ্য যৌবনানন্দে ক্লান্ত শরীরে কেউ
আপন প্রিয়ার ওষ্ঠ্যের আদরে জড়িত।
হয়তোবা-
কোন বন্ধুযুগল দীর্ঘ পরিসরে
কাঙ্খিত মিলনে গল্পে মশগুল,
অথবা আপন জনের বিয়োগে
স্মৃতিময় রাত কেউ অশ্রু সিক্ত করছে।
হয়তো কোন হতভাগা প্রেমিক
ঘোলাটে চাঁদের পানে চেয়ে
সিগেরেট ফুঁকছে,
রাত ঘন হচ্ছে সেদিকে লেশমাত্র নেই।
অথবা কোন তরুনী ফুল সজ্জায়
নিরবে ফুঁপিয়ে কাঁদছে,
বড় লজ্জা বড় সংশয় তার মনে।
হয়তোবা.........................
..........পৃথিবী যখন ঘুমিয়ে।

বসন্ত বাসনা

মুহাম্মদ মকবুল হোসাইন

বসন্তে ঝরা ফুলের
আর্তনাদে নতুন প্রেমের জাগরণ
জাগিয়ে তোলে
নতুন করে এ প্রাণে ।
ভুলি ক্লান্ত প্রাণের প্রেমালস্যে
গড়া বিগত স্মৃতিগুলো বেদনাময়,
বিসদৃশ্য স্বপ্ন-কল্পনায়,
জাগিতেছি নতুন করে, এবার বৈশাখে,
আমন্ত্রণ তব হে! বিশ্বময় ।
আমি নিষ্ফল স্বপ্নের মাঝে
নিজেকে নিমজ্জিত করিতে
ব্যাকুল-ব্যাস্ত এ নববর্ষে-
তোমার স্বপ্নের মাঝে
আপনাকে কামনা
নতুন-নবযৌবন জীবনে,
আজীবন বন্ধনে বাঁধিতে শুধু,
প্রার্থনা করি নিভৃতে তোমাকে,
ঈশ্বরের তরে, এই অনাগত নববর্ষে ।

স্মৃতি নয় শুধু
বরং ভালোবাসা

মুহাম্মদ মকবুল হোসাইন

একটি রাত্রিও ঘুমাইনা তোমায় ছাড়া ।
জান না কি তুমি, জান কি তা?
পারিনা বলেই নির্লজ্জ হয়ে আসি
তোমার দুয়ারে, এ আমার ব্যর্থতা ।
স্বপ্নে না হয় দিও একটু আদর,
লাবণ্যময় অধরের ভালোবাসা ।
যৌবন সুবাসে ভরিও তনু,
স্নিগ্ধ দৃষ্টিতে রেখ একটু আশা ।
ঝরে যায়না ভালোবাসা কখনও,
সে থাকে সময়ের বাঁকে, স্বপ্ন-কল্পনায় ।
চাইছি, তবে ইচ্ছে হয় যদি
দিও প্রেম, মিথ্যে নয় এ চাওয়া ।